অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/12/2025 **গভর্নর ক্যাথি হোকল**

স্মারক: গভর্নর ক্যাথি হোকল হাউজ কমিটি অন ওভারসাইট অ্যান্ড গভর্নমেন্ট রিফর্মের সামনে উপস্থিত হবেন

প্রতি: আগ্রহী পক্ষ
হইতে: অফিস অফ গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল)
তারিখ: 12 জুন, 2025
সূত্র: ইউনাইটেড স্টেটসের (United States, U.S.) হাউজ কমিটি অন ওভারসাইট অ্যান্ড গভর্নমেন্ট রিফর্মের (House Committee on Oversight and Government Reform) সামনে গভর্নর Kathy Hochul-এর (ক্যাথি হোকল) উপস্থিতি

—----------

আজকে গভর্নর Hochul (হোকল) ইমিগ্রেশন পলিসির ব্যাপারে একটি শুনানিতে অংশগ্রহণ করার জন্য নিজের ইচ্ছায় ইউনাইটেড স্টেটসের হাউজ কমিটি অন ওভারসাইট অ্যান্ড গভর্নমেন্ট রিফর্মের সামনে উপস্থিত হবেন।

এই শুনানির সময়, গভর্নর Hochul (হোকল) কীভাবে নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখছেন সে সম্পর্কে তার কাছ থেকে শোনা যাবে বলে আশা করা যাচ্ছে। তার অবস্থান খুব স্পষ্ট: তিনি মজবুত, নিরাপদ সীমান্তকে এবং সার্বিক ইমিগ্রেশনের রিফর্মকে সমর্থন করেন। এবং গভর্নর হিসেবে তার দায়িত্ব পালনের পুরো সময়ে তিনি প্রমাণ করেছেন যে নিউ ইয়র্কে (New York) কাজ করতে এবং অবদান রাখতে ইচ্ছুক ব্যক্তিদের স্বাগত জানাতে, এবং একই সাথে জননিরাপত্তাকে ঝুঁকিগ্রস্ত করা সকলকে দায়বদ্ধ করতে আমরা পারি।

দুর্ভাগ্যবশত, মিডিয়াতে বিশেষ কিছু মেম্বারের আগের বিবৃতির ভিত্তিতে এটি খুবই সম্ভব মনে হচ্ছে যে এই শুনানিটি অযৌক্তিক অভিযোগ দিয়ে, চরিত্রকে বিকৃত করে এবং একদম সম্পূর্ণ মিথ্যা কথা বলে উল্টো দিকে নিয়ে যাওয়া হবে। এই মেমোটি জননিরাপত্তা এবং ইমিগ্রেশন পলিসির ব্যাপারে গভর্নর Hochul-এর (হোকল) রেকর্ড সম্পর্কে মুখ্য বিষয়গুলি তুলে ধরছে। আসুন দেখা যাক:

<u>মিথ্যা দাবি</u>: নিউ ইয়র্ক একটি স্যাংচুয়ারি স্টেট যা এর রাস্তা থেকে হিংস্র অপরাধীদের গ্রেফতার করতে ও সরিয়ে নিতে ফেডারেল আইন শৃঙ্খলা রক্ষাকারীদের ক্ষমতাকে বাঁধা দেয়।

সত্য: নিউ ইয়র্কে যারা অপরাধ করে তাদের জন্য কোনো স্যাংচুয়ারি নেই। গ্যাং মেম্বার এবং হিংস্র অপরাধীদের বিরুদ্ধে অভিযান করতে নিউ ইয়র্ক প্রতিশ্রুতিবদ্ধ, এবং

অনেক পরিস্থিতিতেই স্টেটের কর্মকর্তারা ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট (Immigration and Customs Enforcement, ICE) এবং কাস্টমস অ্যান্ড বর্ডার প্রোটেকশনের (Customs and Border Protection, CBP) সাথে সহযোগিতা করেন।

- নিউ ইয়র্ক স্টেট ফেডারেল ইমিগ্রেশন কর্মকর্তাদের সাথে কাজ করতে পারবে এবং করবে এবং সমন্বয় করবে যখন:
  - একটি সক্রিয় অপরাধের তদন্ত চলবে।
  - কোনো ব্যক্তি নিউ ইয়র্ক স্টেটের কোনো অপরাধের জন্য দোষী সাব্যস্ত হবেন।
  - একটি ইমিগ্রেশন অপরাধের সন্দেহভাজন ব্যক্তি।
  - ফেডারেল ইমিগ্রেশনের সাথে সমন্বয় করা নিউ ইয়র্ক স্টেটে করা কোনো অপরাধের তদন্তের সাথে সম্পর্কিত।
  - একজন ব্যক্তি এমন একটি অপরাধ করেছেন বলে সন্দেহ করা হচ্ছে যেটির সাথে একাধিক দেশ জড়িত হতে পারে, যেমন একটি আন্তর্জাতিক মাদক কার্টেল বা গ্যাংয়ে অংশগ্রহণ।

  -[Gothamist জানুয়ারি 2025]
- 2021 সালে গভর্নর Hochul (হোকল) দায়িত্ব গ্রহণ করার পর থেকে ডিপার্টমেন্ট অফ কারেকশন অ্যান্ড কমিউনিটি সুপারভিশন (Department of Correction and Community Supervision, DOCCS) 1,300-এর বেশি নাগরিক নয় এমন কারাগারে বন্দি ব্যক্তিদের শাস্তির সময় শেষ হওয়ার পর তাদেরকে ICE-এর হাতে তুলে দিয়েছে।

শুরুর তারিখ	শেষের তারিখ	ICE-এর কাছে রিলিজ করা	ICE নিয়ে যায়নি এমন
8/24/2021	12/31/2021	119	15
1/1/2022	12/31/2022	353	50
1/1/2023	12/31/2023	318	18
1/1/2024	12/31/2024	395	22
1/1/2025	5/30/2025	158	15
মোট		**1,343**	**120**

উৎস NYS DOCCS-এর রেকর্ড

-Justice.gov: নিউ ইয়র্ক সিটির (New York City, NYC) জিউইশ সেন্টারে (Jewish Center) ISIS থেকে অনুপ্রাণিত হয়ে গুলি করার পরিকল্পনা করার সাথে জড়িত পাকিস্তানি নাগরিককে অভিযোগের মুখোমুখি করার জন্য সোপর্দ করা হয়েছে
  - "কানাডায় (Canada) বসবাস করা একজন পাকিস্তানি নাগরিক, Muhammad Shahzeb Khan (মুহাম্মদ শাহজিব খান), 20, যিনি Shahzeb Jadoon (শাহজিব জাদুন) নামেও পরিচিত, তাকে নিউ ইয়র্কের সাউদার্ন ডিস্ট্রিক্টে (Southern

District) দায়ের করা একটি অভিযোগপত্রের ব্যাপারে 10 জুন ইউনাইটেড স্টেটসের কাছে সোপর্দ করা হয়।"

- "বিষয়টির ব্যাপারে এবং কানাডা থেকে তার U.S.-এ আসার ব্যাপারে তদন্ত করতে টাস্ক ফোর্সে নিযুক্ত করা স্টেট পুলিশ (State Police) একটি অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। ফেডারেল ব্যুরো অফ ইনভেস্টিগেশন (Federal Bureau of Investigation, FBI), CBP এবং কানাডিয়ান আইন শৃঙ্খলা রক্ষাকারীদের সাথে পার্টনারশিপের মাধ্যমে ইউনাইটেড স্টেটসের আসার আগেই তাকে কানাডিয়ান কর্তৃপক্ষ অবশেষে গ্রেফতার করতে পারে।" [Governor.ny.gov]

-Ice.gov: ICE নিউ ইয়র্ক সিটি, পার্টনাররা খুনের জন্য নিজের দেশে ওয়ান্টেড অবৈধ এলিয়েনকে গ্রেফতার করেছে

- "2 ফেব্রুয়ারি, 2018 তারিখে ডমিনিকান রিপাবলিকের (Dominican Republic) স্যান্টো ডমিঙ্গোর (Santo Domingo) কর্তৃপক্ষ খুনের অপরাধের জন্য Cruz-এর (ক্রুজ) গ্রেফতারের জন্য একটি ওয়ারেন্ট জারি করে, যা ছয় সপ্তাহ পর আন্তর্জাতিক হয়ে যায়। ICE নিউ ইয়র্ক সিটি এই বছরের 16 মার্চে নোটিফিকেশন পেয়েছে।"

- "নিউ রোশেল পুলিশ ডিপার্টমেন্ট (New Rochelle Police Department) 17 মে ভুল প্লেট থাকার কারণে Cruz-কে (ক্রুজ) গ্রেফতার করেছে এবং তার গাড়িটি ইম্পাউন্ড করেছে। নিউ রোশেল পুলিশ ডিপার্টমেন্ট Cruz-কে (ক্রুজ) তার নিজের পরিচয়ে রিলিজ করে দেয় এবং পরে বুঝতে পারে যে তিনি একজন আন্তর্জাতিক পলাতক ব্যক্তি যাকে খুনের অপরাধের জন্য খোঁজা হচ্ছে। এই তথ্য পাওয়ার পর পুলিশ ডিপার্টমেন্ট দেরি না করে ICE নিউ ইয়র্ক সিটিকে ব্যাপারটি জানায়, তারা ফেডারেল পার্টনারদের সাথে নিয়ে Cruz-কে (ক্রুজ) গ্রেফতার করে।"

-Ice.gov: ICE বাফেলোর (Buffalo) তদন্তের ফলে নিউ ইয়র্কে পুরুষদের উপর শিশু অত্যাচারের অভিযোগের জন্য মোট 30 বছরের শাস্তি দেওয়া হয়েছে।

- "নিউ ইয়র্ক স্টেট পুলিশের সমর্থনে U.S. ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্টের তদন্তের পর শিশু অত্যাচারের অভিযোগে নিউ ইয়র্কের এক ব্যক্তিকে শাস্তি দেওয়া হয়েছে।"

-Ice.gov: ICE তদন্তের পর 55টি UPS ওয়্যারহাউজে চুরিতে জড়িত থাকার কারণে পেন্সিলভ্যানিয়ার (Pennsylvania)ব্যক্তিকে শাস্তি দেওয়া হয়েছে।

- "পুরো দেশের এজেন্সিগুলি ICE HSI নিওয়ার্ককে (Newark) শাস্তির আগের তদন্তে সাহায্য করেছে... নিউ ইয়র্কের এজেন্সিগুলির মধ্যে আছে নিউ ইয়র্ক স্টেট পুলিশ [...]।"

মিথ্যা দাবি: নিউ ইয়র্কে অপরাধ রেকর্ড পরিমাণ বেশি এবং সিটি এবং স্টেট বিশৃঙ্খল হয়ে গেছে।

সত্য: সবথেকে জনবহুল স্টেটগুলির মধ্যে নিউ ইয়র্ক স্টেট এবং নিউ ইয়র্ক সিটি দেশের সবথেকে নিরাপদ জুরিসডিকশনগুলির মধ্যে আছে যেখানে অপরাধের হার 2021 সালে গভর্নর Hochul (হোকল) দায়িত্ব নেওয়ার পর থেকে কমে গেছে।

- U.S.-এর শীর্ষ 10 জনবহুল স্টেটের মধ্যে নিউ ইয়র্ক স্টেটে খুনের হার সবথেকে কম এবং এটি জাতীয় গড়ের অর্ধেক; এখানকার খুনের হার ফ্লোরিডা (Florida), টেক্সাস (Texas), জর্জিয়া (Georgia), এবং অ্যারিজোনা (Arizona) ও অন্যান্য অনেক স্টেটের থেকে কম।

- U.S.-এর শীর্ষ 10 জনবহুল সিটির মধ্যে নিউ ইয়র্ক সিটিতে অপরাধের হার দ্বিতীয় সর্বনিম্ন; যা হিউস্টন (Houston), ডালাস (Dallas) এবং স্যান অ্যান্টনিও (San Antonio) এবং অন্যান্য অনেক সিটির থেকে কম।

- এই বছরের প্রথম পাঁচ মাসের তুলনা করলে 2021 সাল থেকে খুন 41% কমে গেছে।

- এই বছরের প্রথম পাঁচ মাসের তুলনা করলে 2021 সাল থেকে গুলির ঘটনা 54% কমে গেছে।

-NYC.gov: নিউ ইয়র্ক পুলিশ ডিপার্টমেন্ট (New York Poice Department, NYPD) 2025 সালের প্রথম পাঁচ মাসে গুলির ঘটনা ও খুনের সংখ্যা রেকর্ড পরিমাণ কম হওয়ার ঘোষণা করেছে।

> - "পুলিশ কমিশনার Jessica S. Tisch (জেসিকা এস টিশ) আজকে ঘোষণা করেছেন যে 2025 সালের জানুয়ারি থেকে 2025 সালের মে মাস পর্যন্ত নিউ ইয়র্ক সিটিতে রেকর্ড রাখার ইতিহাসের মধ্যে সবথেকে কম গুলির ঘটনা ও খুন হয়েছে এবং মে মাসে সবথেকে কম গুলির ঘটনা ও খুনের রেকর্ড হয়েছে। নিউ ইয়র্ক সিটি রেকর্ডের সবথেকে নিরাপদ মেমোরিয়াল ডে (Memorial Day) উদযাপন করেছে, পুরো উইকেন্ডে গুলির ঘটনা সবথেকে কম সংখ্যক বার হয়েছে এবং প্রথমবারের মতো মেমোরিয়াল ডে-এর রবিবারে কোনো গুলির ঘটনা ঘটেনি। ঐতিহাসিক এই সংখ্যাগুলি মেজর ক্রাইম বিভাগে টানা আট মাসের মধ্যে ঘটনা কম হতে সাহায্য করেছে এবং গত বছরের একই সময়ের তুলনায় 2025 সালের মে মাসে তা 4.9% কমে গেছে।"

-NYC.gov: NYPD 2025 সালের প্রথম তিন মাসে ঐতিহাসিকভাবে অপরাধ কমার ঘোষণা দিয়েছে এবং রেকর্ড রাখার ইতিহাসের মধ্যে গুলির ঘটনা সবথেকে কমবার হয়েছে।

> - "ঐতিহাসিকভাবে সহিংসতা কমে যাওয়ার পাশাপাশি প্রতিটি টহলের বরোতে মেজর ক্রাইম কমে গেছে এবং ইনডেক্স ক্রাইম 10.9% কম হয়েছে। এই তিন মাসে, ডাকাতি 22.8% কমেছে (3,074 বনাম 3,981), গ্র্যান্ড লার্সেনি 13.7% কমেছে (10,226 বনাম 11,855), গাড়ি চুরি 11.9% কমেছে (2,773 বনাম 3,148), চুরি 4.4% কমেছে (3,043 বনাম 3,184), এবং ফেলোনি আক্রমণ 2.7% কমেছে (6,361 বনাম 6,535)।"

-cdc.gov: CDC থেকে পাওয়া সর্বশেষ ডেটা অনুযায়ী, নিউ ইয়র্ক স্টেটে দেশের 10টি সবথেকে জনবহুল স্টেটের মধ্যে খুনের হার সবথেকে কম।

<u>মিথ্যা দাবি</u>: নিউ ইয়র্কের নেতারা অপরাধকে হালকাভাবে নিয়ে থাকেন এবং স্টেটের মানুষকে সুরক্ষা দিতে কোনো পদক্ষেপ নেননি।

সত্য: গভর্নর Hochul-এর (হোকল) শীর্ষ অগ্রাধিকার হলো জননিরাপত্তা এবং তিনি গান ভায়োলেন্স প্রতিরোধ করতে এবং অন্যান্য জননিরাপত্তা উদ্যোগের জন্য 2.6 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ করেছেন।

-Times Union: Hochul (হোকল) জীবনযাপনের খরচ, অপরাধের দিকে গুরুত্ব দিয়ে 252 বিলিয়ন মার্কিন ডলারের বাজেট প্রকাশ করলেন।

- "তার বাজেটে ওভারনাইটের সময় সাবওয়ে প্ল্যাটফর্ম এবং ট্রেনে পুলিশ বাড়ানোর জন্য 77 মিলিয়ন মার্কিন ডলার থাকবে। এছাড়াও তিনি পুরো স্টেটের কারেকশনাল সিস্টেমে ফিক্সড ক্যামেরা ইনস্টল করা চালিয়ে যেতে 400 মিলিয়ন মার্কিন ডলার খরচ করা দ্রুত করার আহ্বান করেছেন, এবং এর মধ্যে কারেকশন অফিসারদের দেহে লাগানো ক্যামেরা বাড়াতে প্রায় 20 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ দেওয়া হয়েছে।"

-WKBW: গভর্নর Hochul (হোকল) স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সিগুলির জন্য বহু মিলিয়ন মার্কিন ডলার জননিরাপত্তা তহবিল ঘোষণা করেছেন।

- "গভর্নর Hochul (হোকল) বুধবার পুরো স্টেটে জননিরাপত্তার চেষ্টার তহবিল হিসেবে 50 মিলিয়ন মার্কিন ডলার দেওয়ার ঘোষণা করেছেন।"
- "স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সিগুলির জন্য নতুন টেকনোলজি ও সরঞ্জামের জন্য 30 মিলিয়ন মার্কিন ডলার তহবিল দেওয়া হবে, যেমন বডি ক্যামেরা, স্টোরেজ, এবং সফটওয়্যার।"

-Everytown: বন্দুক নিরাপত্তার বিজয়: গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল), নিউ ইয়র্কের আইন প্রণেতারা ফিসক্যাল ইয়ার (Fiscal Year, FY) 2025-এর বাজেটের চুক্তিতে Gun Violence Prevention প্রোগ্রাম; Moms Demand Action, Students Demand Action Respond-এর জন্য 350 মিলিয়ন মার্কিন ডলার যুক্ত করেছেন।

- "Everytown for Gun Safety-এর তৃণমূল নেটওয়ার্কের অংশ, Moms Demand Action এবং Students Demand Action-এর নিউ ইয়র্ক চ্যাপ্টার নিচের বিবৃতিটি প্রকাশ করেছে যেখানে গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল), সিনেটের মেজোরিটি লিডার Andrea Stewart-Cousins (অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স), স্পিকার Carl Heastie (কার্ল হিস্টি), এবং আইনপ্রণেতাদের প্রশংসা করা হয়েছে গত উইকেন্ডে এমন একটি বাজেটের জন্য সম্মত হওয়ার জন্য যা পুরো স্টেটে গান ভায়োলেন্স প্রতিরোধের তহবিল হিসেবে এবং সহিংসতার প্রতিরোধ করতে নতুন উদ্যোগে বিনিয়োগ করার জন্য 350 মিলিয়ন মার্কিন ডলারের ঐতিহাসিক প্রতিশ্রুতিকে বহাল রাখে।"

-NY1: স্টেট বাজেটে সাবওয়ের জন্য নিরাপত্তা পরিকল্পনার মধ্যে আছে মেন্টাল হেলথ সেবা, আরো প্ল্যাটফর্মের ব্যারিয়ার।

- "গভর্নর প্রত্যেক ট্রেনে NYPD-এর ওভারনাইট টহলের খরচ, যার জন্য সিটিকেও অর্থ দিতে হয়, তা দেওয়ার জন্য বাজেটে 77 মিলিয়ন মার্কিন দলের নিশ্চিত করার প্রচার করেছেন। এটি 30 জুন শেষ হবে এবং এটি চলবে কিনা তা স্পষ্ট নয়। 'আমি এই তহবিল চালিয়ে যাবো, এবং নিশ্চিত করবো যাতে আমাদের

কাছে রিসোর্স থাকে, এটি সিটির মাধ্যমে বা স্টেটের মাধ্যমে বা মিলিতভাবেও হতে পারে,' Hochul (হোকল) বলেন।"

-Statescoop: নিউ ইয়র্কের গভর্নর জননিরাপত্তার টেকনোলজির জন্য 127 মিলিয়ন মার্কিন ডলার নতুন তহবিল ঘোষণা করলেন।

- "নিউ ইয়র্কের গভর্নর Kathy Hochul-এর (ক্যাথি হোকল) অফিস এই সপ্তাহে ঘোষণা করেছে যে নিউ ইয়র্ক সিটির বাইরের পুলিশ ডিপার্টমেন্ট এবং শেরিফের অফিস অপরাধ প্রতিরোধের সরঞ্জাম এবং অন্যান্য নতুন টেকনোলজির জন্য 127 মিলিয়ন মার্কিন ডলার পাবে। নতুন সরঞ্জাম কেনার জন্য বাড়তি তহবিল চেয়ে গত বছর আবেদন করার পর নিউ ইয়র্কের প্রায় 400টি আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সি স্টেটের Public Safety Grant-এর মাধ্যমে তহবিল পাবে। অনুদান তহবিলের ঘোষণা অনুযায়ী, পুলিশ ডিপার্টমেন্ট এবং শেরিফের অফিসগুলি লাইসেন্স প্লেট রিডার, মোবাইল এবং ফিক্সড ক্যামেরা সিস্টেম, কম্পিউটার ব্যবহার করা ডিস্প্যাচ সিস্টেম, সফটওয়্যার ড্রোন, গুলি সনাক্ত করার যন্ত্র এবং টহলের যানবাহন ও পুলিশ অফিসারদের জন্য "স্মার্ট" সরঞ্জাম কেনার জন্য এই তহবিল ব্যবহার করবে।"

-NY Times: প্রমাণিত অপরাধ প্রতিরোধ উদ্যোগে গভর্নর Hochul-এর (হোকল) রেকর্ড বিনিয়োগের ভিত্তিতে FY26-এর পাশ করা বাজেটে নিউ ইয়র্কের Discovery Laws-এ অতি গুরুত্বপূর্ণ, কমনসেন্স পরিবর্তন আনা হবে যাতে সার্ভাইভারদের সমর্থন করা যায়, দোষীদের দায়বদ্ধ করা যায় এবং একটি ন্যায্য ও দ্রুত ট্রায়ালের অধিকারকে নিরাপদ রাখা যায়। এই পরিবর্তনগুলি কারিগরি ত্রুটির কারণে মামলা বাতিল করা আটকাবে এবং পারিবারিক সহিংসতা এবং অন্যান্য গুরুতর অপরাধের শিকার হওয়া ব্যক্তিদেরকে পুনরায় মানসিক আঘাত প্রদান করে এমন ব্যক্তিদের বরখাস্ত এবং প্রতিবন্ধকতা দূর করবে। ডিস্কভারি মেনে চলার জন্য প্রসিকিউটর ও ডিফেন্ডারদের জন্য 135 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ করা হয়েছে, যা প্রতিবছর 15 মিলিয়ন মার্কিন ডলার করে বাড়বে।

মিথ্যা দাবি: ইমিগ্রেশনের ক্ষেত্রে নিউ ইয়র্ক অনেক নরমভাবে কাজ করে এবং টেক্সাসের মতো বর্ডার স্টেটকে নতুন আগমনের চাপ সামাল দিতে বাধ্য করে।

সত্য: নিউ ইয়র্ক স্টেটের কানাডার সাথে সীমান্ত রয়েছে এবং এর নর্দার্ন টেরিটরি সুরক্ষিত রাখতে এবং একই সাথে ট্রান্সন্যাশনাল গ্যাং এবং ফেন্টানিল আসা ঠেকাতে বাড়তি রিসোর্স বিনিয়োগ করেছে।

-Newsday: নিউ ইয়র্ক কানাডার সীমান্তে নিরাপত্তার জন্য 8 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ করেছে।

-"গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) এবং স্টেটের আইনপ্রণেতারা U.S.-কানাডিয়ান সীমান্তে নিরাপত্তার জন্য স্টেট বাজেটে 8 মিলিয়ন মার্কিন ডলার রাখতে সম্মত হয়েছেন, সোমবার রাতে বাজেট সম্পর্কে একটি "সাধারণ সম্মতি" ঘোষণা করার সময় Hochul (হোকল) এ কথা বলেন।"

- "এই টি তহবিল "নিরাপত্তা বাড়াবে," ডেমোক্রেট একটি সংবাদ সম্মেলনে বলেন, এটি যোগ করার ফলে স্টেট "ট্রান্সন্যাশনাল ক্রিমিনাল অর্গানাইজেশন ঠেকাতে এবং বন্দুক, মাদক, ও মানব পাচার ঠেকাতে নিবেদিত আইন শৃঙ্খলা রক্ষাকারী এবং টেকনোলজি" দিতে পারবে।"

- "254 বিলিয়ন মার্কিন ডলারের অংশ এই তহবিলটির মনোযোগ হবে প্ল্যাটসবার্গের (Plattsburgh) কাছে কানাডার সাথে "ভূমি সীমান্ত"", স্টেটের ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেসের (Division of Homeland Security and Emergency Services) কমিশনার Jackie Bray (জ্যাকি ব্রে) Newsday-কে বলেন। তহবিল বাড়তি স্টেট পুলিশ, লাইসেন্স প্লেট রিডার, এবং ড্রোনের জন্য ব্যবহার করা হবে এবং এটি "আগামী বছরজুড়ে ধীরে ধীরে দেওয়া হবে," তিনি বলেন।"

-NYP: Hochul (হোকল) সীমান্ত পার হওয়ার সময় কমিয়ে দিয়ে পদক্ষেপ নিলেন

- ""যদিও Biden-Harris (বাইডেন-হ্যারিস) অ্যাডমিনিস্ট্রেশন সীমান্তে নিরাপত্তা বাড়াতে উল্লেখযোগ্য সাফল্য অর্জন করেছে, কিন্তু নিউ ইয়র্ক আমাদের নর্দার্ন সীমান্তে অনিয়মিত পারাপার ব্যাপকভাবে বেড়ে যেতে দেখছে," তিনি একটি বিবৃতিতে বলেন। "আমাদেরকে এখনই নর্দার্ন সীমান্তে আইন শৃঙ্খলা বাড়াতে হবে এবং এই সিদ্ধান্ত বদলে দেওয়ার জন্য আমি U.S. কাস্টমস অ্যান্ড বর্ডার প্রোটেকশনের কাছে আহ্বান করছি।""

- "নিউ ইয়র্ক ফেডারেল State Homeland Security প্রোগ্রামের 5 মিলিয়ন মার্কিন ডলারের তহবিল কাজে লাগিয়ে কানাডার সাথে স্টেটের সীমান্তে নিরাপত্তা চেষ্টা জোরদার করেছে, Hochul (হোকল) বলেন, যার মধ্যে আছে ট্রান্সন্যাশনাল ক্রিমিনাল অর্গানাইজেশন সম্পর্কে তদন্ত সমর্থন করার জন্য বাড়তি সরঞ্জাম কেনা।"

- ""যদিও এই গুরুত্বপূর্ণ রিসোর্স নিউ ইয়র্কবাসীকে নিরাপদ রাখতে এবং অবৈধ সীমান্ত পারাপার বেড়ে যাওয়া থামাতে সাহায্য করবে, তবে আমরা যে মাত্রার মাইগ্রেশন দেখছি তা সামাল দেওয়ার জন্য আরো বেশি ফেডারেল সমর্থন অতি গুরুত্বপূর্ণ," তিনি বলেন।"

-North County Now: কানাডার সাথে নিউ ইয়র্কের সীমান্তে ইমিগ্রেশনের আইন শৃঙ্খলা রক্ষা করা বাড়ানোর জন্য Hochul (হোকল) ডিপার্টমেন্ট অফ হোমল্যান্ড সিকিউরিটিকে (Department of Homeland Security) আহ্বান জানিয়েছেন।

- ""Biden-Harris (বাইডেন-হ্যারিস) অ্যাডমিনিস্ট্রেশনের সাথে বৈঠকে আমি আমার দুশ্চিন্তার কথা আগেই জানিয়েছি, এবং এখন U.S.-কানাডা সীমান্তে আইন শৃঙ্খলা রক্ষাকারী কর্মকাণ্ড বাড়াতে অবিলম্বে কর্মী ও রিসোর্স পাঠানোর জন্য ডিপার্টমেন্ট অফ হোমল্যান্ড সিকিউরিটির কাছে আমি আরেকবার অনুরোধ করছি, এবং এই সপ্তাহের ঘটনার পর আমাদের নর্দার্ন সীমান্তের অতি গুরুত্বপূর্ণ অবস্থানগুলিতে 24/7 স্টাফ না রাখার সিদ্ধান্তকে অবিলম্বে বদলে দেওয়ার জন্য আমি আপনাদের কাছে অনুরোধ করছি," তিনি লিখেছেন।"

- "Hochul (হোকল) এই বছর অবৈধভাবে সীমান্ত পারাপারের সংখ্যা বেড়ে যাওয়াকে একটি মূল দুশ্চিন্তা হিসেবে চিহ্নিত করে বলেছেন যে এর জন্য "আরো দৃঢ় সাড়াদান" প্রয়োজন। তিনি বলেছেন যে নর্দার্ন সীমান্তে ঐতিহাসিকভাবে হালকা পলিসিও এই ঘটনার জন্য দায়ী। নর্দার্ন সীমান্ত যে U.S.-এ ঢুকতে চাওয়া নাগরিক নয় এমন ব্যক্তিদের জন্য সময়ের সাথে আরো জনপ্রিয় রুট হয়ে উঠছে" তার একটি মূল কারণ হিসেবে "U.S. এবং কানাডার দীর্ঘদিনের ইমিগ্রেশন পলিসিকে" Hochul (হোকল) চিহ্নিত করেছেন।

<u>মিথ্যা দাবি</u>: নিউ ইয়র্ক সিটিতে অপরাধ বাড়ছে এবং যাত্রীরা এই সিস্টেমকে ত্যাগ করছেন।

সত্য: সাবওয়ের অপরাধ কমে যাচ্ছে, এবং যাত্রীদের নিরাপদ রাখতে আইন শৃঙ্খলা রক্ষা এবং ভৌত ইনফ্রাস্ট্রাকচারে বিনিয়োগ করা গভর্নর Hochul (হোকল) চালিয়ে যাচ্ছেন, এবং এই পুরো সময় যাত্রী সংখ্যা বেড়ে চলেছে।

-NYP: সিস্টেমে অনেক পুলিশ নিযুক্ত করার পর NYC সাবওয়েতে অপরাধ মহামারীর আগের সময়ের মতো কমে গেছে: 'ভয় আসলেই কমে গেছে'

- "সিটির প্রথম তিন মাসের অপরাধের পরিসংখ্যান প্রকাশ করার সময় মেয়র Eric Adams-এর (এরিক অ্যাডামসের) সাথে একটি সংবাদ সম্মেলনে Tisch (টিশ) বলেন, সাবওয়েতে বড় অপরাধের ঘটনা মোট 18% কমেছে, এটি 27 বছরের মধ্যে দ্বিতীয়-সর্বনিম্ন মাত্রা।"
- "এই তিনমাসে আমাদের সাবওয়েতে কোনো খুন হয়নি, এবং 2018 সালের পর থেকে প্রথমবারের মতো এটি হয়েছে" তিনি বলেন, তিনি এই বছরের প্রথম তিন মাসের সময়কালের ব্যাপারে এই কথা বলেছেন।
- "ট্রেনে এবং প্ল্যাটফর্মে 200 পুলিশকে মোতায়েন করে, এবং একই সাথে ট্রানজিট কেন্দ্রে আরো কয়েকশত পুলিশ নিযুক্ত করে Tisch (টিশ) সাড়াদান করেছেন এবং গভর্নর Kathy Hochul-এর (ক্যাথি হোকল) একটি পরিকল্পনাকে সমর্থন করেছেন যেখানে প্রতিটি ওভারনাইট সাবওয়েতে দুইজন অফিসার নিযুক্ত করার কথা আছে।"

-amNY: সাবওয়ের অপরাধ কমে যাচ্ছে, যদিও হাই প্রোফাইল কেসের খবর NYC-এর সংবাদ শিরোনামে চলে আসছে।

- "সর্বশেষ পুলিশ ডেটা অনুযায়ী, গত বছরের একই মাসের তুলনায় এপ্রিল মাসে সামান্য বেড়ে গেলেও 2025 সালে NYC-তে সাবওয়ের অপরাধের সংখ্যা এখনো কমের দিকে যাচ্ছে।"
- "20 এপ্রিল থেকে শুরু হয়ে 28 দিনের একটি সময়কালে, ট্রানজিটের অপরাধ 2024 সালের একই সময়ের তুলনায় 9% বেড়েছে, গত বছরের 134টির বদলে এই বছর 146টি হয়েছে। মাসের মাঝখানে দেখলে, ট্রানজিট অপরাধের সংখ্যা 14-20 এপ্রিলের সপ্তাহে 2024 সালের একই সময়ের তুলনায় প্রায় 30% বেড়ে গেছে। গত বছর এই সাতদিনে সিটির পাবলিক ট্রানজিট সিস্টেমে 27টি অপরাধ হয়েছে, সেই তুলনায় 2025 সালের একই সপ্তাহে 35টি অপরাধ হয়েছে।"

-PIX11: গভর্নর Hochul (হোকল) ক্যামেরা এবং অন্যান্য নিরাপত্তা সরঞ্জামে বিনিয়োগ করেছেন।

- "Hochul (হোকল) প্রতিটি সাবওয়ে কারে সার্ভেইলেন্স ক্যামেরা ইনস্টল করার জন্য 2022 সালে MTA-কে নির্দেশ দেন। গভর্নর এটিকে একটি অনেক বড় পদক্ষেপ হিসেবে বর্ণনা করেছেন যা বুধবার অবশেষে সম্পূর্ণ হয়েছে। "এখন আমরা 100% সাবওয়ে কারে ক্যামেরা লাগাতে পেরেছি," Hochul (হোকল) বলেন। "আমাদের কাছে হাজার হাজার কার, হাজার হাজার ক্যামেরা আছে … আপনি যদি সাবওয়েতে অপরাধ করার চিন্তা করেন, তাহলে আমরা আপনাকে দেখতে পারবো এবং ধরে ফেলবো।""

-NYT: "পাবলিক ট্রানজিটের সকল মাধ্যমে যাত্রী সংখ্যা বেড়ে গেছে।"

- "যদিও রাস্তায় গাড়ির সংখ্যা কমেছে, কিন্তু যাত্রী সংখ্যা বেড়েছে, এর অর্থ অনেক যাত্রী অন্য মাধ্যমে যাতায়াত করছেন। জানুয়ারি মাসের শুরু থেকে এপ্রিলের মাঝামাঝি পর্যন্ত, গত বছরের একই সময়ের তুলনায়, মেট্রোপলিটন ট্রান্সপ্রোরটেশন অথোরিটির (Metropolitan Transportation Authority, MTA) জন্য বাস এবং সাবওয়েতে যাত্রীর সংখ্যা বেড়েছে। এছাড়াও নর্দার্ন সাবার্ব এবং কাইনেটিকাটের (Connecticut) কিছু অংশে সেবা দেওয়া Long Island Rail Road (LIRR), Staten Island Railway এবং Metro-North-এর যাত্রী লাইনেও তা বেড়েছে।"

-amNY: যানজটের উপর দাম বসানো: 5 জানুয়ারি থেকে LIRR এবং Metro-North-এর যাত্রীর সংখ্যা বেড়েছে।

- "স্টেটের ডেটা অনুযায়ী, 5 জানুয়ারিতে যানজটের উপর দাম বসানোর পর থেকে সাবার্বান রেলওয়ে Metro-North এবং Long Island Rail Road-এর যাত্রী সংখ্যা প্রতিদিন ব্যাপকভাবে বেড়ে চলেছে।"
- "নিউ ইয়র্ক স্টেটের ওপেন ডেটা পোর্টালের মেট্রিক্স থেকে দেখা যায় যে উভয় যাত্রীবাহী লাইনের যাত্রীর সংখ্যা গত বছরের একই সময়ের তুলনায়, টোল কার্যকর হওয়ার আগের তুলনায় অনেক বেশি হয়েছে।"

মিথ্যা দাবি: নিউ ইয়র্কের ডেমোক্রেটরা ইমিগ্রেশনের সমাধান করার জন্য গুরুত্ব দিচ্ছে না এবং তাদের রাজনৈতিক বিরোধী দলকে দায়ী করার জন্য এই ব্যাপারটিকে ব্যবহার করছে।

সত্য: গভর্নর Hochul (হোকল) Biden (বাইডেন) অ্যাডমিনিস্ট্রেশনের সময় এবং Trump (ট্রাম্প) অ্যাডমিনিস্ট্রেশনের সময় সার্বিক ইমিগ্রেশন রিফর্মের পক্ষে কথা বলেছেন, এবং বাইপার্টিসান বর্ডার বিলের পক্ষে কথা বলেছেন যা আমেরিকান ইতিহাসে সবথেকে বড় সীমান্তে নিরাপত্তার বিনিয়োগের জন্য তহবিল দিতে পারতো।

-News 10: গভর্নর Hochul (হোকল) বাইপার্টিসান কংগ্রেশনাল বিল পাশ করার আহ্বান করলেন।

- "গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) U.S. হাউজ অফ রিপ্রেজেন্টেটিভে (House of Representatives) ইমিগ্রেশন রিফর্মের বাইপার্টিসান লেজিস্লেশনে আইন করার জন্য নিউ ইয়র্কের রিপাবলিকানদের আহ্বান করছেন, যদি সিনেট এটিকে পাশ করে।"
- "এইসব পরিবর্তন করা আমাদের জন্য নিঃসন্দেহে অতি গুরুত্বপূর্ণ," সোমবার একটি সংবাদ সম্মেলনে Hochul (হোকল) বলেন।"
- "Hochul-এর (হোকল) কথা অনুযায়ী U.S. সিনেটে বাইপার্টিসান বিলটি আশ্রয়ের আইনকে আরো কঠিন করবে এবং স্টেট ও স্থানীয়দের 1.4 বিলিয়ন মার্কিন ডলার দিবে।"

-AP: ইউক্রেনকে সাহায্যের জন্য, U.S. সীমান্ত নিরাপদ রাখার জন্য বাইপার্টিসান সিনেট প্যাকেজে কী আছে

- "প্যাকেজটি এছাড়াও ইমিগ্রেশন আইন শৃঙ্খলা রক্ষাকারীদের 20 বিলিয়ন মার্কিন ডলার পাঠাবে, আশ্রয়ের দাবি যাচাই করতে আরো হাজার হাজার অফিসারকে নিয়োগ দেওয়ার, সীমান্তে টহল দেওয়ার জন্য আরো কয়েকশত

এজেন্টকে যুক্ত করতে এবং ফেন্টানিলের আসা থামাতে সাহায্য করতে অর্থ দিবে।"

- কংগ্রেশনাল রিপাবলিকানরা, যাদের অনেকেই হাউজ ওভারসাইট কমিটিতে দায়িত্ব পালন করেন, রাজনৈতিক পয়েন্ট পাওয়ার জন্য তখনকার প্রার্থী Trump-এর (ট্রাম্প) সমর্থনে এই বিলকে সমর্থন করেননি।

-চেয়ারম্যান Comer (কোমার): "আমেরিকানরা আশা করে যে কংগ্রেস এমন পলিসি পাশ করবে যা সীমান্তকে সুরক্ষিত রাখবে, এবং এই অগ্রাধিকারকে অর্জন করতে ব্যর্থ হয় এমন কোনো লেজিস্লেশনকে আমি সমর্থন করবো না। @POTUS এবং @SenSchumer-এর এই বিপর্যয় সৃষ্টিকারী বিলটি সীমান্তের ব্যর্থ পলিসিকে আরো বাড়িয়ে দিবে এবং অবৈধ ইমিগ্রেশনের জন্য আরো ইন্সেন্টিভ দিবে।"

-রিপ্রেজেন্টেটিভ Jordan (জর্ডান): "Joe Biden (জো বাইডেন) এমন কোনো সমস্যার সমাধান করবেন না যা তিনি নিজে ইচ্ছা করে তৈরি করেছেন...এক বাক্যে। দেশে কোনো নতুন মাইগ্রেন্টের প্রসেস বা রিলিজের জন্য কোনো অর্থ ব্যবহার করা যাবে না... আসুন একটি 'টাইম আউট' নেই এবং এটি নিয়ে আমরা কী করবো সেই ব্যাপারে এই নভেম্বর মাসে আমেরিকান মানুষকে সিদ্ধান্ত নিতে দেই, যখন আমরা প্রেসিডেন্ট Biden-এর (Biden) পরিবর্তে প্রেসিডেন্ট Trump-কে (ট্রাম্প) পাবো, যিনি আমাদের সীমান্তে সত্যিকারের নিয়ন্ত্রণ রেখেছিলেন।"

-রিপ্রেজেন্টেটিভ Mace (মেস): "এটি কি একটি কৌতুক? সিনেটের 'বর্ডার সিকিউরিটি' বিল, যদি এটিকে তা ডাকা যায়, তা আগে যেমনটি ভাবা হয়েছিল তার চেয়েও খারাপ।"

-রিপ্রেজেন্টেটিভ Greene (গ্রিন): "প্রেসিডেন্ট Trump-এর (ট্রাম্প) সীমান্তের পলিসি সেরা এবং আমেরিকার সবথেকে খারাপ শেষ সীমান্ত সারেন্ডারের বিলের ব্যাপারে সেরা বিবৃতি! এটি আসামাত্র মারা যাবে!"

-রিপ্রেজেন্টেটিভ Boebert (বোবার্ট): "এই নামেমাত্র সীমান্তের "কম্প্রোমাইজ" বিলটি পড়ে মনে হয় যে এটি কার্টেল, মানব পাচারকারী এবং Alejandro Mayorkas-এর (আলেহান্ড্রো মায়োর্কাস) মধ্যে একটি সমঝোতা। তারা সবাই এটি পড়ে অনেক অনেক খুশি হচ্ছেন। সীমান্তকে বাস্তবে নিরাপদ রাখতে ব্যর্থ হয় এমন ভয়ঙ্কর পরম ক্ষমতার এই বিলকে কোনো রিপাবলিকানের সমর্থন করা উচিত না।"

-রিপ্রেজেন্টেটিভ Luna লুনা): "এর জন্য ভোট দেওয়া সকল রিপাবলিকান আমেরিকান মানুষের সাথে বিশ্বাসঘাতকতা করবে।"

দাবি: কোনো পরিণতি ছাড়াই ইহুদিবিরোধিতা এবং হেট ক্রাইম করা হচ্ছে কিন্তু নিউ ইয়র্ক কিছুই করছে না।

সত্য: হেট ক্রাইমের ঝুঁকি বেড়ে গেছে এমন অর্গানাইজেশনের জন্য সুরক্ষা ও নিরাপত্তা ব্যবস্থা জোরদার করতে গভর্নর Hochul (হোকল) রেকর্ড বিনিয়োগ করেছেন।

-SILive: নিউ ইয়র্কের গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) হেটে ক্রাইম বা টেরোরিজমের ঝুঁকিতে থাকা অর্গানাইজেশনের জন্য তহবিল ঘোষণা করলেন।

- "গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) হেট ক্রাইম বা তাদের আদর্শ, বিশ্বাস বা মিশনের কারণে আক্রমণের শিকার হওয়ার ঝুঁকিতে থাকা ননপ্রফিট, কমিউনিটিভিত্তিক অর্গানাইজেশনগুলিতে সুরক্ষা ও নিরাপত্তা জোরদার করার জন্য প্রায় 63.9 মিলিয়ন মার্কিন ডলারের নতুন স্টেট বিনিয়োগের ঘোষণা করেছেন।"
- "মঙ্গলবারে দেওয়া ঘোষণা অনুযায়ী, Securing Communities Against Hate Crimes প্রোগ্রামের মাধ্যমে দেওয়া এই তহবিলটি পুরো নিউ ইয়র্কের 336টি অর্গানাইজেশনের প্রজেক্ট ও সাইবারসিকিউরিটির উন্নয়নকে সমর্থন করবে।"

-NYT: গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্কে হেট ক্রাইমের মোকাবেলা করার জন্য 75 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করলেন।

- "নিউ ইয়র্কের গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) মঙ্গলবার ইসরায়েল (Israel)-হামাস (Hamas) যুদ্ধের কারণে ইহুদিবিরোধী আক্রমণ এবং প্যালেস্টানিয়ানদের বিরুদ্ধে হেট ক্রাইম বেড়ে যাওয়ার সাড়াদান করার জন্য স্থানীয় পুলিশ ডিপার্টমেন্ট এবং প্রার্থনার ঘরের জন্য 75 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত অনুদান ঘোষণা করেছেন।"
- "স্টেট এছাড়া নিউ ইয়র্ক সিটির সরকারি ইউনিভার্সিটি সিস্টেমে ইহুদিবিরোধী এবং বৈষম্যবিরোধী পলিসির রিভিউ শুরু করবে, এবং একই সাথে স্টেট পুলিশ স্যোশ্যাল মিডিয়ার উপর নজরদারি বাড়িয়ে দিবে যাতে কলেজ ক্যাম্পাসে অনলাইন হুমকি সনাক্ত করা যায়।"
- ""ইসরায়েলের মানুষের উপর আক্রমণের পর তাদের সাড়াদানের ব্যাপারে আপনি তীব্রভাবে প্রতিবাদ করতেই পারেন, কিন্তু সেই সাথে টেরোরিজম, হামাস, ইহুদিবিরোধিতা এবং সকল ধরণের ঘৃণারও তীব্রভাবে প্রতিবাদ করতে পারেন," অনলাইনে স্ট্রিম হওয়া একটি মন্তব্যের সময় মিজ Hochul (হোকল), যিনি একজন ডেমোক্রেট, এ কথা বলেন। "আমরা কোনো নিউ ইয়র্কবাসীকে ভয় নিয়ে বাস করতে দিতে পারি না।""

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন